

তিনশ' স্কুলে চালু হচ্ছে কম্পিউটার কোর্স

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের প্রায় তিনশ' সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার কোর্স চালু করা হচ্ছে। আগামী শিক্ষাবর্ষ থেকেই এ কোর্স চালু করার উদ্যোগ নেয়া হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। নবম ও দশম শ্রেণীতে চালু করা হবে এ কোর্স।

সংশ্লিষ্ট সূত্র আশা করছেন, এতে প্রত্যেক বছর প্রায় বিশ হাজার ছাত্রছাত্রী কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ লাভ করতে পারবে। কম্পিউটার বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করবে এসব ছাত্রছাত্রী। নির্বাচিত মাধ্যমিক বিদ্যালয়ে ডবল শিফট চালুকরণ এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত উক্ত প্রায় তিনশ' সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কোর্সটি চালু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

ওই সূত্রে বলা হয়েছে, কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ দেয়ার জন্য নির্বাচিত এসব মাধ্যমিক বিদ্যালয়ের প্রত্যেকটি থেকে একজন সহকারী শিক্ষককে মনোনয়ন দেয়া হবে। সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষ এ

কোর্স : পৃঃ ১১ কঃ ২

কোর্স : চালু হচ্ছে

(১ম পৃষ্ঠার পর)

সহকারী শিক্ষককে মনোনয়ন দেবেন এবং তার নাম মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে পাঠাবেন। অতঃপর তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণের জন্য যথাস্থানে পাঠানো হবে। প্রশিক্ষণ লাভের পর এসব শিক্ষককে কম্পিউটার শিক্ষক হিসেবে নিয়োগ করা হবে। তারা বিদ্যালয়ের নবম ও দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের ডবল শিফটে ক্লাস নেবেন। কম্পিউটার ও প্রয়োজনীয় কম্পিউটার সামগ্রী প্রকল্পের পক্ষ থেকে নির্বাচিত বিদ্যালয়ে সরবরাহ করা হবে। প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরা তাদের নিজ নিজ বিদ্যালয়ে যোগদানের পরই কম্পিউটার ও প্রয়োজনীয় কম্পিউটার সামগ্রী দেয়া হবে।